

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৭৪৩

সোনামুড়া, ২০ নভেম্বর, ২০২৩

সোনামুড়া নগর পঞ্চায়েত ভিত্তিক যুব উৎসব

সোনামুড়া নিউ টাউন হলে সম্পত্তি সোনামুড়া নগর পঞ্চায়েতভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হয়। সোনামুড়া মহকুমা যুব বিষয়ক ও ক্রীড়া কার্যালয়ের উদ্যোগে এবং সোনামুড়া নগর পঞ্চায়েতের সহযোগিতায় আয়োজিত এই যুব উৎসবের উদ্বোধন করেন সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সোনামুড়া নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন শাহজাহান মিশণ, সমাজসেবী দেববৰত ভট্টাচার্য, বিশ্বজিৎ দাস, সোনামুড়া মহকুমার মহকুমা শাসক মানিক লাল দাস, মহকুমা যুব বিষয়ক ও ক্রীড়া কার্যালয়ের ইয়ুথ প্রোগ্রাম অফিসার মধুসূদন দেববৰ্মা প্রমুখ। সভাপতিত্ব করেন সোনামুড়া নগর পঞ্চায়েতের ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি তাপস দাস। অনুষ্ঠানে অতিথিগণ যুব উৎসবের মূল উদ্দেশ্য ও গুরুত্বের কথা তুলে ধরেন। স্বাগত বক্তব্য রাখেন সোনামুড়া নগর পঞ্চায়েতের ডেপুটি এক্সিকিউটিভ অফিসার প্রবীর সাহা। এই যুব উৎসব প্রতিযোগিতায় ৫টি ইভেন্টে মোট ৫০ জন শিল্পী অংশ গ্রহণ করে।

\*\*\*\*\*